

আল-মা'আরিজ | Al-Ma'arij | الْمَعَارِج

আয়াতঃ ৭০ : ৩৭

আরবি মূল আয়াত:

عَنِ الْيَمِينِ وَ عَنِ الشِّمَالِ عَزِينَ ﴿٣٧﴾

অনুবাদসমূহ:

ডানে ও বামে দলে দলে? — আল-বায়ান

ডান দিক আর বাম দিক থেকে দলে দলে, — তাইসিরুল

ডান ও বাম দিক হতে দলে দলে? — মুজিবুর রহমান

[To sit] on [your] right and [your] left in separate groups? — Sahih International

৩৭. ডান ও বাম দিক থেকে, দলে দলে।

-

তাফসীরে জাকারিয়া

(৩৭) ডান ও বাম দিক হতে দলে দলে? [1]

[1] এখানে নবী (সাঃ)-এর যুগের কাফেরদের কথা উল্লেখ হয়েছে। তারা রসূল (সাঃ)-এর মজলিসে দৌড়ে দৌড়ে আসত। কিন্তু তাঁর কথা শুনে আমল করার পরিবর্তে তাঁকে নিয়ে উপহাস করত এবং দলে দলে বিভক্ত হয়ে যেত। আর তারা দাবী করত যে, যদি মুসলিমরা জান্নাতে যায়, তাহলে আমরা তাদের পূর্বে জান্নাতে প্রবেশ করব। পরের আয়াতে আল্লাহ তাআলা কাফেরদের এই বাতিল ধারণার খন্ডন করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5412>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন